১৬১ নং গান-তাল-একতালা

অকুল ভবধি নীরে, তীরে হরি দয়াময়।
ভক্তি বিহীন দীনের ও দীন পার করে নিচ্ছে হেলায়।।
১। ধন্য কলিযুগ ধন্য, যে যুগেতে অবতীর্ণ।
হলেন হরি শ্রীচৈতন্য, কলির জীবের ভাগ্যোদয়।।
২। সাঙ্গোপাঙ্গো লয়ে সঙ্গে, এলেন হরি পরমরঙ্গে।
জগৎ ভাসায় প্রেমতরঙ্গে, আতঙ্কে যমদূত পালায়।।
৩। অনর্পিত যেই হরিনাম, পুরাতে জীবের মনস্কাম।
ভবব্যাধি করতে আরাম, নামৌষধী জীবকে বিলায়।।
৪। পূর্ণ কুম্ভ, নিত্যানন্দ, এবে হ'লো মহানন্দ।
নামের সহিত প্রেমানন্দ, তাই দিয়ে জগৎ মাতায়।।
৫। তারকচাঁদ কয় উচ্চৈঃস্বরে, এমন দিন আর হবে নারে।
এমন দয়াল পাবি নারে, অশ্বিনী তোর সময় যায়।।

১৬২ নং গান

ভব নদীর ভাব না জেনে ধরো না পাড়ি,
থাক সামাল সামাল মন ব্যাপারী।
নদীর ত্রিবিনায় তুফান ভারী।।
১। সেই নদীর তরঙ্গ দেখে,
কত যোগী ঋষি ভাবছে বসে কিনারায় থেকে।
তারা চেয়ে আছে উর্দ্ধ মুখে, (বলে) পার কর দয়াল হরি।।
২। যত সব সায়রের নেয়ে,
নদীর ভাবনা জেনে বাদাম টেনে যেতেছে বেয়ে।
নদীর দক্ষিণ বাঁকের গোলায় গিয়ে,
সাধ করে ডুবাচ্ছে সাধের তরী।।